# মন্ত্রিপরিষদ বিভাগ কর্মকর্তা-কর্মচারী কল্যাণ সমিতি

## জাতীয় বেতন কমিশন, ২০২৫-এর সাথে মন্ত্রিপরিষদ বিভাগ কর্মকর্তা-কর্মচারী কল্যাণ সমিতির প্রতিনিধিবৃন্দের মতবিনিময় সভায় উপস্থাপিতব্য দাবিসমূহ

১। বিদ্যমান ২০টি গ্রেডের পরিবর্তে নিম্নোক্তভাবে ১২টি গ্রেডে নির্ধারণ:

| ক্রম | বিদ্যমান গ্রেড | প্রস্তাবিত গ্রেড |
|---|---|---|
| ১. | ১ম | ১ |
| ২. | ২য় | ২ |
| ৩. | ৩য় | ৩ |
| ৪. | ৫ম, ৪র্থ | ৪ |
| ৫. | ৬ষ্ঠ | ৫ |
| ৬. | ৭ম | ৬ |
| ৭. | ৯ম, ৮ম, | ৭ |
| ৮. | ১০ম | ৮ |
| ৯. | ১১তম, ১২তম | ৯ |
| ১০. | ১৩তম | ১০ |
| ১১. | ১৬তম, ১৫তম, ১৪তম | ১১ |
| ১২. | ২০তম, ১৯তম, ১৮তম, ১৭তম | ১২ |

২। ২০১৫ এর পে-স্কেলে সর্বোচ্চ ও সর্বনিম্ন বেতনের অনুপাত ১:১০ যা স্পষ্টতই বৈষম্যমূলক। বর্তমান প্রেক্ষাপটে ২০২৫ এর পে-স্কেলে ন্যূনতম ১:৪ (৩৫০০০:১৪০০০০)-এ নির্ধারণ।

৩। (ক) পেনশন ৯০% এর পরিবর্তে ১০০% নির্ধারণ;

(খ) গ্রাচ্যুইটি ২৩০ টাকার পরিবর্তে ৫০০ টাকা নির্ধারণ;

(গ) পেনশনের ১০০% সমর্পণ পুনর্বহাল;

(ঘ) মাসিক পেনশনপ্রাপ্ত অবসরভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগী ৬৫ বছর উর্ধ্ব পেনশনভোগীর নীট পেনশনের পরিমাণ ৫০% এর পরিবর্তে ৮০% নির্ধারণ; এবং

(ঙ) অবসরভোগী ও আজীবন পারিবারিক পেনশনভোগীদের ন্যূনতম পেনশনের পরিমাণ ৩০০০ এর পরিবর্তে ১০০০০ টাকা নির্ধারণ।

৪। পদোন্নতিতে ন্যূনতম সুবিধা প্রদান।

৫। টাইমস্কেল ও সিলেকশন গ্রেড পুনর্বহাল।

৬। সার্ভিস বেনিফিট প্রদান।

৭। শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা ০৩ বছরের পরিবর্তে প্রতি ০২ বছর অন্তর অন্তর প্রদান।

চলমান পাতা-২

# মন্ত্রিপরিষদ বিভাগ কর্মকর্তা-কর্মচারী কল্যাণ সমিতি

৮। শিক্ষা সহায়ক ভাতা বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় সন্তানপ্রতি বিদ্যমান ৫০০ টাকার পরিবর্তে ন্যূনতম ৩০০০ টাকা নির্ধারণ।

৯। সরকারি কর্মচারীদের সন্তানদের স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ে ভর্তির সময় প্রতিবছর শিক্ষা বর্ষের শুরুতে এককালীন ন্যূনতম ১০০০০ টাকা সহায়তা ভাতা প্রদান।

১০। চিকিৎসা ভাতা বর্তমান পেক্ষাপট বিবেচনায় বিদ্যমান ১৫০০ টাকার পরিবর্তে ন্যূনতম ৫০০০ টাকা নির্ধারণ।

১১। ৬৫ বছর উর্ধ্ব পেনশনভোগীর ক্ষেত্রে মাসিক চিকিৎসা ভাতা ২৫০০ টাকার পরিবর্তে ন্যূনতম ১০০০০ টাকা নির্ধারণ।

১২। ১০ লক্ষ টাকা পর্যন্ত চিকিৎসা বিমা সুবিধা প্রদান।

১৩। টিফিন ভাতা ২০০ টাকার পরিবর্তে লাঞ্চ ভাতা ন্যূনতম ৮০০০ টাকা নির্ধারণ এবং বিদ্যমান যাতায়াত ভাতা ৩০০ টাকার পরিবর্তে ন্যূনতম ৩০০০ টাকা নির্ধারণ।
(বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীগণ প্রতিদিন ৪০০ টাকা হারে লাঞ্চ ভাতা পায়। বিদ্যমান ১০ম গ্রেডের কর্মকর্তার আপ্যায়ন ভাতা ও যাতায়াত ভাতার অন্তর্ভুক্ত নন যা স্পষ্টতই বৈষম্যমূলক। বর্তমান পেক্ষাপট বিবেচনায় কর্মকর্তা-কর্মচারীদের সকল প্রকার বৈষম্য দূরীকরণ প্রয়োজন)।

১৪। সচিবালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য রেশন ও সচিবালয় ভাতা প্রদান।

১৫। সচিবালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য ন্যূনতম ৩০% ঝুঁকি ভাতা প্রদান।

১৬। গৃহনির্মাণের জন্য বিনা সুদে ৫০ লক্ষ টাকা ঋণ প্রদান।

১৭। বিদ্যমান মটর সাইকেল ঋণ ৩৫০০০ টাকার পরিবর্তে বিনা সুদে ৫ লক্ষ টাকার ঋণ প্রদান এবং প্রতিবছর ১০% হারে অবচয় নির্ধারণ।

১৮। বিদ্যমান ১৮ মাসের ছুটি নগদায়ন সুবিধার পরিবর্তে ছুটি পাওনা সাপেক্ষে মোট অর্জিত ছুটির নগদায়ন সুবিধা প্রদান।

১৯। পেনশনারদের ৫০% হারে বাড়ি ভাড়া প্রদান।

২০। সরকারি কোয়ার্টার-এর বাসা ভাড়ার জন্য সিলিং নির্ধারণ।

২১। বাংলা নববর্ষ ভাতা ২০% এর পরিবর্তে মূল বেতনের সমপরিমাণ নির্ধারণ।

২২। সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য যৌক্তিক হারে মোবাইল ভাতা ও ইন্টারনেট ভাতা নির্ধারণ।

২৬/১০/২৫
মোঃ মিজানুর রহমান
সভাপতি
মন্ত্রিপরিষদ বিভাগ কর্মকর্তা
কর্মচারী কল্যাণ সমিতি

২৬/১০/২৫
মোঃ মনির হোসেন
সাধারণ সম্পাদক
মন্ত্রিপরিষদ বিভাগ কর্মকর্তা
কর্মচারী কল্যাণ সমিতি